গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর- ৮৬

# শারদীয় দুর্গাপূজার প্রতিমা বিসর্জন উপলক্ষ্যে আরএমপির ট্রাফিক বিভাগের পথ নির্দেশনা

রাজশাহী: ১৬ আশ্বিন (০১ অক্টোবর):

আগামীকাল বৃহস্পতিবার (২ অক্টোবর) প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে শারদীয় দুর্গোৎসবের সমাপ্তি হবে। প্রতিমা বিসর্জন অনুষ্ঠানকে নিরাপদ ও নির্বিঘ্ন করতে মুন্নুজান ঘাট, পুলিশ লাইন্স ঘাট এবং আইবাঁধ ঘাট প্রস্তুত রাখা হয়েছে বলে রাজশাহী মেট্রোপলিটন পুলিশের ট্রাফিক বিভাগ হতে জানানো হয়েছে।

প্রতিমা বিসর্জন উপলক্ষ্যে নগরীতে প্রতিমা বহনকারী যানবাহন ও ভক্তদের উপস্থিতির কারণে কিছু এলাকায় যানজট সৃষ্টি হতে পারে। তাই নগরবাসীকে ট্রাফিক পুলিশের নির্দেশনা মেনে চলার অনুরোধ জানিয়েছে বিভাগটি।

প্রতিমা বহনকারী যানবাহনের নির্বিঘ্ন চলাচল নিশ্চিত করতে আগামীকাল বিকেল ৫টা থেকে বিসর্জন শেষ না হওয়া পর্যন্ত কুমারপাড়া মোড় হতে ২২ নং ওয়ার্ড কাউন্সিলর মোড়, মধু ভ্যারাইটি স্টোর মোড়, আতিয়া স্টোর মোড়, মুন্নুজান স্কুল ও বড় মসজিদ থেকে বড়কুঠি কাস্টমসের গলি শুধু প্রতিমা বহনকারী যানবাহনের জন্য একমুখী চলাচল থাকবে। এ সময় অন্য সবধরনের যানবাহনের চলাচল সাময়িকভাবে বন্ধ থাকবে মর্মে আরএমপি ট্রাফিক বিভাগ হতে জানানো হয়।

.....................................................................

আলীম/তৌহিদ/আতিক/২০২৫/১৭:০০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd